



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবিজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/সংস্থাপন/আপিল-

তারিখ: .১০.২০১৯খ্রি:

বিষয়: পটুয়াখালী জেলার দুমকি উপজেলাধীন মুরাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক জনাব মোঃ দেলোয়ার হোসেন এর চাকরীতে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র: ১১/০৩/২০১৮ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার দুমকি উপজেলাধীন মুরাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক জনাব মোঃ দেলোয়ার হোসেন এর চাকরি থেকে অপসারণ অনুমোদনের বিষয়টি গত ০৬/০৮/২০১৯খ্রি. তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর সভাকক্ষে অনুষ্ঠিত আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয়।

মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র বাদী ও বিবাদী উভয়পক্ষের উপস্থিতিতে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনান্তে দেখা যায়, সহকারী শিক্ষক জনাব মোঃ দেলোয়ার হোসেন অননুমোদিতভাবে ০৬(ছয়) মাস অনুপস্থিত ছিলেন এছাড়া তার বিরুদ্ধে আর কোন গুরুতর অভিযোগ নাই এছাড়া অপসারণ প্রক্রিয়া যথাযথ হয় নাই। তাছাড়া সভাপতি ও সুপারের সঙ্গে আলোচনা থেকে জানা যায় জনাব মোঃ দেলোয়ার হোসেনকে পুনর্বহাল করা হলে ম্যানেজিং কমিটির কোন আপত্তি নাই, তাই আপিল এন্ড আরবিট্রেশন কমিটি সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তাকে পুনর্বহালের সিদ্ধান্ত গ্রহণ করে।

“ভবিষ্যতে অননুমোদিতভাবে অনুপস্থিত না থাকা এবং মাদ্রাসার স্বার্থের পরিপন্থি কোন কাজ না করার অঙ্গীকারনামা ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্প দিয়ে তাকে চাকরীতে যোগদান করতে হবে। এছাড়া তিনি বকেয়া বেতন ভাতা দাবি করতে পারবেন না”

বর্ণিত অবস্থায়, আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপকঃ

- ১) সভাপতি,গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি,মুরাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: মুরাদিয়া, উপজেলা: দুমকি,জেলা: পটুয়াখালী।
- ২) সুপার,মুরাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: মুরাদিয়া, উপজেলা: দুমকি,জেলা: পটুয়াখালী।
- ৩) জনাব মোঃ দেলোয়ার হোসেন,সহকারী শিক্ষক(সাময়িক বরখাস্তকৃত),মুরাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
ডাক+গ্রাম: ঝিলনা, উপজেলা: বাউফল, জেলা: পটুয়াখালী।

স্মারক নং- বামাশিবো/সংস্থাপন/আপিল- ৪৮২/১০
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

তারিখ: 28/10/19

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,ঢাকা;
২. উপ-পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,বরিশাল অঞ্চল, বরিশাল;
৩. জেলা শিক্ষা অফিসার,পটুয়াখালী;
৪. উপজেলা নির্বাহী অফিসার, দুমকি,পটুয়াখালী;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,দুমকি,পটুয়াখালী;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪